



পরীক্ষা

এইচএসসির টেস্ট পরীক্ষা ফেব্রুয়ারিতে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রতীকী ছবি

By using this site, you agree to our Privacy Policy. OK

এইচএসসির ফলাফলে গত এক দশকে সবচেয়ে বেশি জিপিএ-৫ এর রেকর্ড হয়েছে এবার ছবি : প্রথম আলো

২০২৪ সালে এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিতে যাওয়া শিক্ষার্থীদের নির্বাচনী বা **টেস্ট পরীক্ষা** ওই বছরের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হবে। মার্চে টেস্ট পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। আগামী বছরে জুনের দ্বিতীয় সপ্তাহে এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা আছে। মঙ্গলবার প্রকাশিত ২০২৪ সালের কলেজের ছুটির তালিকা ও বর্ষপঞ্জিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার সময় জানিয়েছে মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে বলা হয়েছে, ২০২৪ সালে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু হবে ৯ জুন। আর ক্লাস শুরু হবে ২১ জুলাই। ২০২৩-২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা শুরু হবে ২৬ জুন। পরীক্ষার ফল প্রকাশ করা হবে ১৬ জুলাই। এ ছাড়া দ্বাদশ শ্রেণির (২০২২-২৩ সেশন) নির্বাচনী পরীক্ষা শুরু হবে ফেব্রুয়ারিতে। ফল প্রকাশ করা হবে মার্চে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, কোনো সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না। সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে ক্লাস বন্ধ রাখা যাবে না। এমনকি সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড়

By using this site, you agree to our Privacy Policy.

জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস, যেমন ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট, ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করতে হবে।

এদিকে আগামী বছরের এইচএসসি পরীক্ষার্থীদের সুবিধার্থে সিলেবাস প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা এনসিটিবি প্রণীত ২০২৩ সালের পুনর্বিদ্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। ২০২৪ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা সব বিষয়ে অনুষ্ঠিত হবে। এইচএসসি ও সমমান পর্যায়ে প্রতিটি বিষয় ও পত্রে তিন ঘণ্টা সময়ে পূর্ণ নম্বরে পরীক্ষা অনুষ্ঠিত হবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৩ প্রথম আলো